মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইট, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা সহ সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার ১ নং ওয়ার্ডে নৌকার মিছিল ও পথসভা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বিচনে চুয়াডাঙ্গা-১ আসনের প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের নৌকা প্রতিকের পক্ষে আলমডাঙ্গায় নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সন্ধ্যায় পৌরসভার ১নং ওয়ার্ডের স্টেশন এলাকায় এ পথসভা অনুষ্ঠিত হয়। ১নং ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে অনুষ্ঠিত নৌকা প্রতিকের এ পথসভার পূর্বে বিকেল সাড়ে ৫ টার দিকে একটি নির্বাচনি মিছিল এলাকার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় বক্তাগণ বলেন,নৌকা হলো উন্নয়ন ও অগ্রগতির প্রতিক। নৌকা বিজয়ী হলেই দেশের উন্নয়ন হয়। আজকে এই ১৫ বছরে আওয়ামীলীগ সরকার দেশে যে উন্নয়ন করেছে,তা আপনাদের কারো অজানা নয়। উন্নয়নের এই ধারা অব্যাহত রাখতে আবারও নৌকায় ভোট দিতে হবে। ছেলুন জোয়ার্দ্দারকে বিজয়ী করে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে।

১নং ওয়ার্ডের কাউন্সিলর উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলাল উদ্দিনের সভাপতিত্বে বক্তব্য রাখেন ৩ নং ওয়ার্ড কাউন্সিলর ও সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম স্বপন, গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক সামসুল ইসলাম সামু, দপ্তর সম্পাদক রিপন, চিৎলা ইউনিয়ন যুবলীগ নেতা টিটু, উপজেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক রিমন, প্রচার সম্পাদক আলো, ছাত্রলীগ নেতা শান্ত, জিংকু, সৌরভ, রাজন, পিয়াস, তোতা, দেলোয়ার হোসেন, মামুন, শাহিন প্রমুখ।

কোটচাঁদপুরে স্বতন্ত্র

প্রার্থী এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চলের জনসংযোগ

কোটচাঁদপুর শহরের জনসংযোগ চালিয়েছেন, ঝিনাইদহ- ৩ আসেনর সংসদ সদস্য, স্বতন্ত্র প্রার্থী এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। ভোটারদের কাছে ভোট চাইলেন ট্র্যাক প্রতীকে। এ সময় জয়ের ব্যাপারে আশাও প্রকাশ করেন তিনি।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, (কোটচাঁদপুর-মহেশপুর) এ দুই উপজেলা নিয়ে ঝিনাইদহ- ৩ সংসদীয় আসন গঠিত। গেল ১৮ তারিখ প্রতীক বরাদ্ধ করেন নির্বাচন কমিশন। এরপর থেকে প্রার্থীরা ছুটছেন ভোটারদের দ্বারে দ্বারে। বিতরণ করছেন নির্বাচনী প্রতীক সংম্বলিত লিফলেট।

এর ধারাবাহিকতায় আজ রবিবার বিকেলে কোটচাঁদপুর সোনি আবাসিকের সামনে থেকে জনসংযোগ শুরু করেন সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান (স্বতন্ত্র প্রার্থী)। এরপর তিনি বলুহর বাসস্ট্যান্ড, কোটচাঁদপুর হাসপাতাল মোড়, ব্রীজঘাট মোড়, বাজারসহ পৌর শহরে জনসংযোগ চালান।

এ সময় সঙ্গে ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাজাহান আলী, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, লুৎফর রহমান, কৃষক লীগ নেতা আনোয়ার হোসেন মুকুল, স্বেচ্ছাসেবকলীগ নেতা লিমন হোসেন, ছাত্রলীগ নেতা রাব্বি হাসান, আল-আমীন হোসেন, প্রদীপ হালদার।

এ সময় নির্বাচন সুষ্ট হলে জয়ী হওয়ার ব্যাপারে আশাও প্রকাশ করেন সংসদ সদস্য।

দেশী বিদেশী যে কোন অশুভ

শক্তি মোকাবেলার সক্ষমতা আছে এই সরকারের : ইনু

বিদেশী বিভিন্ন ষড়যন্ত্র ও চক্রান্ত মোকাবেলা করবো বলে জানিয়েছেন জাতীয় সমাজতান্ত্রীক দল-জাসদ সভাপতি, কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনে ১৪ দলের নৌকা প্রতীকের প্রার্থী হাসানুল হক ইনু।

তিনি বলেন, জনগনের রায় নিয়ে আগামী ৫ বছরে শেখ হাসিনার নেতৃত্বে এই সরকারই দেশকে স্মার্ট এবং সুশাসনের বাংলাদেশ বাংলাদেশ হিসেবে গড়ে তুলবে। দেশী বিদেশী যে কোন অশুভ শক্তি মোকাবেলার সক্ষমতা আছে এই সরকারের।

রবিবার সকালে হাসানুল হক ইনু কুষ্টিয়ার মিরপুর বাজার থেকে গণসংযোগ শুরুর আগে সাংবাদিকদের এসব কথা বলেন।

তিনি বলেন, আমি আওয়ামীলীগের প্রার্থী, জাসদের প্রার্থী। আবার আমি ওয়ার্কাস পাটর্◌ির প্রার্থী এবং সবচেয়ে বড় কথা হলো আমি জোটনেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার মনোনীত প্রার্থী। এই প্রার্থীর কাজ হচ্ছে যে কোন মুল্যে শান্তি বজায় রেখে মাস্তানমুক্ত এবং সন্ত্রসামুক্ত নির্বাচন অনুষ্ঠান করা। তাদের ভুমিকা রাখা এবং রাষ্ট্রীয় পর্যায়ে সাম্প্রদায়ীক জঙ্গীবাদী বিএনপি চক্রকে ক্ষমতার বাইরে রাখতে ভুমিকা রাখা। এই যে কাজটা, এই কাজ নৌকার প্রাথী হিসেবে আমাকে করতে হবে। এবং শেখ হাসিনার নির্দেশে রাজনৈতিক শান্তি একদিকে বজায় রাখবো, উন্নয়নের ধারা অব্যহত রাখবো।

তিনি আরও বলেন, ১৪ দলীয় জোটের প্রার্থী হিসেবে এখানে (মিরপুর-ভেড়ামারা) আমি নৌকা প্রতীক নিয়ে নির্বাচন করছি। ১৪ দলের নেত্রী শেখ হাসিনার পরিষ্কার নির্দেশ হচ্ছে ১৪ দলের শরীক দলকে নৌকার প্রতীকের প্রার্থীকে বিজয়ী করা। সেই নির্দেশনা অনুযায়ী আওয়ামীলীগ ও অঙ্গসহযোগী সংগঠনেসহ জাসদের নেতাকর্মীরা নির্বাচনে অংশ নিতে হবে।

মিরপুর পৌর আ’লীগের সভাপতি পৌরসভার মেয়র এনামুল হককে সাথে নিয়ে মানুষের কাছে নৌকায় ভোট প্রার্থনা করেন।

[redacted]

‘[redacted]’ [redacted] [redacted] [redacted]

গাংনীতে নৌকার পক্ষে কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দ্বাদশ সংসদ নির্বাচনে মেহেরপুর-২ (গাংনী) আসনে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী (নৌকা মার্কা) ডাক্তার এএসএম নাজমুল হক সাগরকে বিজয়ী করতে কর্মী সভা করেছে মেহেরপুর জেলা আওয়ামীলীগ।

কর্মী সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি মোঃ সিরাজুল ইসলাম মাস্টার, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর ৭৪ গাংনী ২ আসনের নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর।

এছাড়াও উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা হিসাবউদ্দীনসহ মেহেরপুর জেলা আওয়ামী লীগের নেত্রীবৃন্দ, গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, গাংনী উপজেলা আওয়ামী লীগের নেত্রীবৃন্দ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, কৃষক লীগ, শ্রমিক লীগ, ছাত্র লীগ, মহিলা লীগ সহ গাংনী উপজেলার বিভিন্ন এলাকার নেতাকর্মী কর্মী সভায় যোগ দেন ।

নৌকার ভোট কর্মীরা বিভিন্ন এলাকায় থেকে মোটরসাইকেল ও মাইক্রোবাসে অনুষ্ঠানে উপস্থিত হয়। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বলেন, আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর ৭৪ গাংনী ২ আসনে নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর কে বিপুল ভোটে জয়লাভ করে আমরা জননেত্রী শেখ হাসিনা কে এমপি হিসাবে উপহার দিয়ে আবারও দেশ পরিচালনর সুযোগ করে দিবো।

এদিকে নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর বলেন আজকে আপনাদের এই জনসমুদ্র দেখে আমি মুগ্ধ হয়েছি তাই আপনরা আগামী ৭ জানুয়ারিতে সবাই নৌকা মার্কায় ভোট দিয়ে জননেত্রী শেখ হাসিনাকে দেশ পরিচালনা করার সুযোগ করে দিবেন।

জীবননগরে মুক্তিযোদ্ধাদের সাথে টগরের মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা জীবননগরে দেশের সূর্যসন্তান বীর মুক্তিযোদ্ধাদের সাথে আজ রোববার সকালে মতবিনিময় করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের নৌকার মনোনীত প্রার্থী হাজী আলী আজগার টগর এমপি।

আসন্ন জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনকে সামনে রেখে জীবননগর উপজেলা মুক্তিযোদ্ধাদের আয়োজনে সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার সাইদুর ইসলাম মাষ্টারের সভাপতিত্বে সাবেক মুক্তিযোদ্ধা সংসদ ভবনে মতবিনিময় সভা করেন। সভায় প্রধান অতিথী হিসেবেত উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২ আসনের আওয়ামীলীগের মনোনিত প্রার্থী হাজী আলী আজগার টগর এমপি। বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দিলু,সাবেক পৌর মেয়র জাহাঙ্গীর আলম।

এছাড়াও অনুষ্ঠানে উপজেলার শতাধিক মুক্তিযোদ্ধার উপস্থিত ছিলেন।

প্রধান অতিথীর বক্তব্যে এমপি টগর বলেন,জাতীর এই শেষ্ঠ সন্তানরা যদি ৭১ সালের যুদ্ধে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের নেতৃত্বে দেশের জন্য অস্ত্র হাতে যুদ্ধে অংশগ্রহন না করতেন তাহলে আমরা এই স্বাধীন রাষ্ট্র কখনোই পেতাম না। কিন্তু দেশ স্বাধীনের পর অনেক দলই সরকার গঠন করে রাষ্ট্রিয় ক্ষমতায় ছিলেন। অনেক সময় পেরিয়ে গেলেও দেশের এই সূর্য সন্তানদের দিকে বর্তমান প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা ছাড়া আর কেউই কিন্তু ফিরেও তাকায়নি। মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস,সন্মানিত ভাতাসহ অনেক অনেক সন্মানে সন্মানিত করেছেন। তাই জননেত্রীকে আবারও ক্ষমতার রাখতে বিএনপি জামাতের সকল অপশক্তিকে রুক্ষতে সকল মুক্তিযোদ্ধাদের একত্রিত হয়ে আর একবার যুদ্ধে নামার অনুরোধ

চুয়াডাঙ্গা সদর উপজেলায় সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুনের পথসভা

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামী লীগের মনোনীত প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্থানে পথসভা করেছেন।

গতকাল শনিবার বিকাল থেকে চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের হায়দার পুর, ডিঙ্গেদহ, নিমতলা, কুষডাঙ্গা,বুষতলা, পিরোজখালী, সুবদিয়া, খেজুরা, বেলেকান্দি, নফরকান্দি, পাঁচমাইল বাজার, ধুরুরহাট সহ সদর উপজেলার বিভিন্ন স্থানে পথসভা করেন তিনি।

এ সময় তিনি বলেন, শেখ হাসিনা সরকার উন্নয়নের সরকার। জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রেখে যাওয়া সোনার বাংলাদেশ বাস্তবায়নে কাজ করে যাচ্ছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের গ্রাম থেকে শহর সকল পর্যায়ে উন্নয়ন হচ্ছে। এই উন্নয়নের ধারা যদি অব্যাহত রাখতে হয় তাহলে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা ও নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন, পদ্মবিলা ইউনিয়নের সভাপতি খাঁজা শাহাবুদ্দিন, সাধারণ সম্পাদক আমজেদ, পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম মন্ডল, হায়দার পুরের সাবেক মেম্বার শহিদুল ইসলাম বিশ্বাস, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সভাপতি বনফুল, ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সুমন, সাবেক মেম্বার ফয়জুল হক, আওয়ামী নেতা মিরাজুল ইসলাম, আব্বাস আলী, বায়েজিদ জোয়ার্দার, ইদ্রিস আলী, যুবলীগ নেতা রুবেল, ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক আমান, ফাহাদ, ইসরাফিল, নয়ন, তাফসির, রাশিদুল, মজিবুল, নাইম, আসিফ, রাব্বি, সাধন, শিশির, শাকিল, সোহাগ, আকাশ সহ ইউনিয়ন

আওয়ামী লীগ যুবলীগ ছাত্রলীগ কৃষক লীগের নেতাকর্মী।

ইনু যেন নৌকা থেকে পড়ে না যায়, সেদিকে খেয়াল রাখবেন –প্রধানমন্ত্রী

জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি হাসানুল হক ইনু নৌকা থেকে যেন পড়ে না যায়, সেদিকে খেয়াল রাখতে বললেন বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা।

কুষ্টিয়ার নেতাকর্মীদের উদ্দেশে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। তিনি, ‘আমাদের ইনু ভাইও নৌকায় চড়েছেন। নৌকা যেন দোল খেয়ে পড়ে না যায়, সেদিকে একটু খেয়াল রাখবেন আপনারা।

গতকাল শনিবার বিকেলে রাজধানীর তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগ ভবন থেকে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে কুষ্টিয়ায়সহ ছয় জেলার জনসভায় ভার্চুয়ালি অংশ নিয়ে এসব কথা বলেন তিনি।

তিনি বলেন, বিএনপি কোনো রাজনৈতিক দল নয়, সন্ত্রাসী দল, জামায়াত যুদ্ধাপরাধীদের দল। এদের হাতে দেশ নিরাপদ নয়। এদের হাত থেকে দেশ ও জাতিকে মুক্ত রাখতে হবে। তাহলে দেশের উন্নয়ন হবে। দেশের জনগণের ভাগ্য নিয়ে আর কাউকে ছিনিমিনি খেলতে দেব না। নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করে আগুন সন্ত্রাসী ও যুদ্ধাপরাধীদের সমুচীন জবাব দিতে চাই।

তিনি আরও বলেন, দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং বিশ্ব দরবারে বাংলাদেশকে উচ্চ মর্যাদায় প্রতিষ্ঠিত করতে সকল পর্যায়ে দলীয় নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে নৌকা প্রতীকের বিজয় সুনিশ্চিত করতে দলীয় নেতাকর্মীদের নির্দেশ প্রদান করেন।

কুষ্টিয়া পাবলিক লাইব্রেরী মাঠে বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা ভার্চুয়াল জনসভায় যোগ দেন। কুষ্টিয়া ছাড়াও ঝিনাইদহ,

সাতক্ষীরা, নেত্রকোণা, বরগুনা ও রাঙ্গামাটি জেলার সাথে যুক্ত হয়ে জনসভায় বক্তব্য দেন তিনি।

জেলা আওয়ামাীলীগ আয়োজিত এই জনসভায় জনসভায় উপস্থিত ছিলেন কুষ্টিয়া-৩ আসনের সাংসদ ও বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারন সম্পাদক মাহবুবুল আলম হানিফ, কুষ্টিয়া-১ আসনের সাংসদ আকম সরোয়ার জাহান বাদশা, কুষ্টিয়া-৪ আসনের সাংসদ ও বাংলাদেশ যুব লীগের প্রেসিডিয়াম সদস্য সেলিম আলতাব জর্জ ও জোটের শরীক জাসদ সভাপতি কুষ্টিয়া-২ আসনের সাংসদ হাসানুল হক ইনুসহ দলীয় নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা স্বীকার করে জেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান বলেন, কুষ্টিয়ায় যে উন্নয়ন আপনি দিয়েছেন, এবং হানিফ সাহেব তা বাস্তবায়ন করেছেন তা সত্যি দেশ স্বাধীনের পর আর কেউ দেয়নি। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল, বাইপাস সড়ক, শেখ রাসেল সেতু, শেখ কামাল ষ্টেডিয়াম, সুইমিংপুলসহ অসংখ্য দৃশ্যশান উন্নয়নের সারথী হয়েছেন।

তিনি আরও বলেন, কুষ্টিয়ার নেতৃবৃন্দ অত্যন্ত সুসংগঠিত হওয়ার কারনের এ পর্যন্ত আগুন সন্ত্রাস হয়নি কুষ্টিয়ায়। আমাদের নেতা হানিফ সাহেবের নেতৃত্বে সন্ত্রীাস কবলিত এই কুষ্টিয়া জেলা এখন অনেকটাই ভালো।

জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আজগর আলী বলেন, এই কুষ্টিয়ায় এখন সুবাতাস বইছে। একটা সময় সন্ত্রাসীদের ভয়ে রাতের ঘুম হারাম হয়েছিল। সন্ত্রাসকবলিত এই এই জনপদের মানুষ আগের চেয়ে অনেক শান্তিতে আছে। সন্ত্রাসীদের অভয়ারণ্যকে বর্তমানে সন্ত্রাসমুক্ত শান্তিপূর্ণ পরিবেশে সবাই বসবাস করার এই ব্যবস্থা বর্তমান সরকার নিশ্চিত করেছে। তিনি আরও বলেন, কুষ্টিয়ায় যে চারটি আসনে নৌকা প্রার্থী হয়েছে এই নৌকার প্রাথীদের বিজয়ী করতে আমরা সকলেই ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে চাই।

কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাথে ভার্চুয়াল মিটিংয়ে বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার অনুরোধে লালন সংগীত পরিবেশন করেন বাংলাদেশ ছাত্রলীগের সহসভাপতি বরিকুল ইসলাম বাঁধন।

উল্লেখ্য, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে কুষ্টিয়া-২ (মিরপুর ও ভেড়ামারা) আসনে জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি হাসানুল হক ইনু নৌকা প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

এসময় সংশ্লিষ্ট সকল উপজেলা, থানা, পৌর আওয়ামী লীগ, ইউনিয়ন, ওয়ার্ড আওয়ামী লীগের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা-১ আসনে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনে স্বতন্ত্র প্রার্থীকে জরিমানা

চুয়াডাঙ্গা-১ আসনে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের দায়ে স্বতন্ত্র ঈগল প্রতিকের প্রার্থীর কর্মীকে ১৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার বিকেলে উপজেলার মুন্সিগঞ্জ পশুহাট প্রাঙ্গণে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আচরণ বিধি প্রতিপালন নিশ্চিত করতে গতকাল শনিবার বিকেলে উপজেলার বিভিন্ন স্থানে উপজলা সহকারী কমিশনার (ভূমি) নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ এ অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ পশুহাট এলাকায় স্বতন্ত্র প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার একই ইউনিয়নে দুটি নির্বাচনি অফিস, আলোকসজ্জা ও তোড়ন নির্মাণের অভিযোগ পাওয়া যায়। এতে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনের অভিযোগে এ প্রার্থীর এক দায়িত্বরত কর্মীকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিক নির্বাচনি অফিস বন্ধ করে আলোকসজ্জা ও তোড়ন অপসারণ করা হয়।

সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ বলেন, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলে কাউকেই ছাড় দেওয়া হবে না। নির্বাচনে সকল প্রার্থীকেই আইন মেনে চলতে হবে। নির্বাচন পর্যন্ত

□ □□□□□□ □□□□□□□ □□□□□□